MAR. 22 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

ন্নতির দাবিতে সরকা

# কলেজ শিক্ষকরা কাল নতুন কর্মসূচি দেবে

কাগজ প্রতিবেদক : পদোন্নতিসহ অন্যান দাবিতে সরকারি কলেজের শিক্ষ ক্যাডারভুক্ত শিক্ষকদের তিনদিনের ক্লা বর্জন গতকাল বুধবার শেষ হয়েছে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে তাদের ডাকা এই কর্মসূচির ফলে

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## পদোন্নতির দাবিতে সরকারি

● প্রথম পাতার পর

দেশের ২৪৬টি সরকারি কলেজ, শিক্ষক প্রশিক্ষণ কলেজ এবং আলীয়া মাদ্রাসায় কোনো ক্লাস অনুষ্ঠিত হতে পারেনি।

সমিতির সভাপতি জাহানারা বেগম এবং মহাসচিব কফিল উদ্দিন জানিয়েছেন, দাবি আদায়ের জন্য পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে আগামীকাল ২৩ মার্চ। আগামীকাল সকাল সাড়ে ১০টায় ঢাকা কলেজ মিলনায়তনে সাধারণ সভায় কর্মসূচির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

প্রসঙ্গত, মামলাজনিত জটিলতার কারণে গত ৫ বছর ধরে সরকারি কলেজে সব ধরনের পদোন্নতি বন্ধ হয়ে আছে। সম্প্রতি মামলা তুলে নেওয়া এবং আত্তীকৃত শিক্ষকদের জন্য নতুন বিধিমালা জারির ফলে পদোন্নতির পথ খুলে যায়। কিন্তু গত ফেব্রুয়ারি মাসে নতুন বিধিমালাকে চ্যালেঞ্জ করে আবার মামলা হলে সরকার পদোন্নতি প্রক্রিয়া চালু করা থেকে বিরত থাকে।

বিসিএস শিক্ষা সমিতি জানিয়েছে রকারি কলেজে বর্তমানে প্রায় ৩ হাজার ক্ষক পদ শূন্য রয়েছে। ঢাকার সরকারি গন্নাথ কলেজেই ৩৮টি অধ্যাপক পদের ধ্যে ২৭টি পদই শূন্য। এর মধ্যে সাববিজ্ঞান বিভাগে অধ্যাপক পদ রয়েছে টি। অথচ কর্মরত রয়েছেন মাত্র ১জন